# শ্যামনগর উপজেলা পরিষদের ২৮ তম সভার কার্যবিবরণী জুলাই'২০২১

“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

সভার সভাপতি ঃ জনাব এস.এম.আতাউল হক চেয়ারম্যান
উপজেলা পরিষদ,শ্যামনগর, সাতক্ষীরা।

তারিখ ও সময় ঃ ১৫.০৭.২০২১ খ্রিঃ, বিকাল- ০৩.৩০ মিনিট।

স্থান ঃ Zoom Clouding meeting

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা-পরিশিষ্ট-''ক" দ্রষ্টব্যঃ**

| ক্রঃ নং | আলোচ্য সূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | গত সভার কার্যবিবরণী দৃঢ়করন | সভার শুরুতে সভাপতি Zoom Clouding meeting এ অংশগ্রহনকৃত অদ্য মাসিক সভার সকল সদস্যকে শুভেচ্ছা জানান। তিনি বলেন যে, বর্তমান সময়ে মহামারি করোনা ভাইরাসের জন্য উপজেলা পরিষদের মাসিক সভা Zoom Clouding meeting এর মাধ্যমে আহবান করা হয়েছে। অতঃপর তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার প্রথমে গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং উহা অনুমোদনের জন্য সভায় মতামত আহবান করেন। | সকল আলোচনা ও সিদ্ধান্ত মোতাবেক কার্য বিবরণী প্রস্তুত হওয়ায় Zoom Clouding meeting এ অংশগ্রহনকৃত সকল সদস্য গত সভার কার্যবিবরনী সর্বসম্মতভাবে দৃঢ়করন হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২. | আয়, ব্যয় (রাজস্ব-উন্নয়ন, এডিপি) | (আলোচনা ও সিদ্ধান্ত নিচে দেখুন) | | উপজেলা নির্বাহী অফিসার |
| ৩. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | (আলোচনা নিচে দেখুন) | | |

**২. আয়, ব্যয় (রাজস্ব-উন্নয়ন, এডিপি)** — বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন যে, **উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে** উপজেলা পরিষদের অভ্যন্তরে কিছু জরুরী কাজের পূর্বানুমোদন চেয়ে স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ করা হয়। স্থানীয় সরকার বিভাগ বর্নিত প্রকল্পসমূহ বিধি মোতাবেক বাস্তবায়নের জন্য প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে।

| ক্রঃ নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|
| ১. | উপজেলা পরিষদের চেয়ারম্যানের অফিস কক্ষ ডেকোরেশন | ৪,৭৫,৮৬৫/- |
| ২. | উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ ডেকোরেশন | ৪,৭৫,৮৬৫/- |
| ৩. | উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ ডেকোরেশন | ৯,৭৩,৫৪১/- |
| ৪. | উপজেলা পরিষদর দক্ষিণ পশ্চিম পার্শ্বে সীমানা প্রাচীর নির্মান | ৬,৯৫,৭৫০/- |
| ৫. | উপজেলা পরিষদের অভ্যন্তরে পুকুরের প্লাসাইডিং নির্মান | ৭,১৬,৫২৪/- |
| ৬. | উপজেলা পরিষদের অভ্যন্তরে ড্রেন সংস্কার | ১,১৮,৩২৩/- |

**সিদ্ধান্ত** : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে বর্নিত প্রকল্প সমূহ পিপিএ, ২০০৬, পিপিআর ২০০৮ এবং এ সংক্রান্ত বিধি-বিধান/নির্দেশনা যথাযথভাবে অনুসরন পূর্বক বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

৩. উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান ১% অর্থায়নে নিমোক্ত প্রকল্পগুলি বাস্তবায়নের জন্য প্রস্তাবনা পাওয়া গেছে।

| ক্রঃ নং | প্রকল্পের নাম | বরাদ্দের পরিমান (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | ভূরুলিয়া ইউনিয়নে মুজিববর্ষে ঘরের পাশে বালির বস্তা দিয়ে ভরাট | ১,০০,০০০/- | ১% |
| ২. | রমজাননগরে কালিঞ্চি মুজিববর্ষে ঘরে বালি ভরাট ও প্যালাসাইডিং করন | ১,৫০,০০০/- | |
| ৩. | নূরনগর ইউনিয়নে পরিষদ কমপ্লেক্স ভবন সংলগ্ন রাস্তা ইটের সোলিং করন | ২,০০,০০০/- | |
| ৪. | ঈশরীপুর ইউনিয়নে ঈশ্বরীপুর গ্রামের আশ্রয়কেন্দ্রের সামনের ড্রেন নির্মাণ | ২,০০,০০০/- | |

**সিদ্ধান্ত** : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপরোক্ত প্রকল্পগুলি যথাযথ বিধি অনুসরন পূর্বক বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

**৩. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প**

১. উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পে (৪র্থ পর্যায়ে) বিভিন্ন কমিটির সুপারিশ শেষে যাচাই বাছাই কমিটি হতে অগ্রাধিকার ভিত্তিতে নিম্নবর্নিত সক্ষমতাবৃদ্ধিমূলক উপ-প্রকল্প অনুমোদনের জন্য সুপারিশ পাওয়া গেছে।

| ক্রঃ নং | উপ-প্রকল্প নাম | পরিমান | বাস্তবায়নকারী সংস্থা |
|---|---|---|---|
| ১. | উপজেলার বিভিন্ন ইউনিয়নের স্বাস্থ্য কর্মীদের করোনা ভাইরাস প্রতিরোধের লক্ষ্যে সচেতনা বিষয়ক প্রশিক্ষণ | ১৯৫০৬০ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা |
| ২. | আধুনিক পদ্ধতিতে কাঁকড়া চাষ বিষয়ক প্রশিক্ষণ | ১৫১৯৬০ | মৎস্য ও প্রাণী সম্পদ |
| ৩. | নিরাপদ পানি সরবারহের লক্ষ্যে পানির উৎসের পরিচ্ছন্নতা, সংরক্ষন এবং সঠিক ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষন। | ১৫১৯৬০ | জনস্বাস্থ্য ও স্যানিটেশন |
| ৪. | উপজেলার বিভিন্ন অবকাঠামো উন্নয়ন কাজের গুণগত মানন্নোয়নের লক্ষ্যেনির্মাণ শ্রমিক (রাজমিস্ত্রি)দের সক্ষমতা উন্নয়ন প্রশিক্ষণ। | ১৫১৯৬০ | যোগাযোগ ভৌত অবকাঠামো উন্নয়ন |
| ৫. | ড্রাগন ফল চাষ, প্রক্রিয়াজাতকরণ ও বিপনন কৌশল বিষয়ক দক্ষতা উন্নয়নমুলক প্রশিক্ষণ | ১৯৭১০০ | কৃষি ও সেচ |
| ৬. | সিএনজি, অটোরিকসা এবং মোটর সাইকেল চালকদের ট্রাফিক আইন সম্পর্কিত প্রশিক্ষণ | ১৫১৯৬০ | উপজেলা আইন শৃংখলা কমিটি |
| | **সর্বমোট** | ১০০০০০০ | |

**সিদ্ধান্ত** : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পে (৩য় পর্যায়ে) সক্ষমতাবৃদ্ধিমূলক উপ-প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য উল্লেখিত প্রকল্পগুলির অনুমোদন সর্ব্বসম্মতিক্রমে গৃহিত হয় এবং প্রকল্প প্রস্তাবনা প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার এবং ইউডিএফকে অনুরোধ করা হয়।

২. উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, ২০১৯-২০ অর্থ বছরে অবকাঠামো উন্নয়ন প্রকল্পে ৪০.০০ লক্ষ টাকার মধ্যে বাধ্যতামূলকভাবে ১০.০০ লক্ষ টাকা করোনা মোকাবেলায় স্বাস্থ্য খাতে ব্যয় করতে হবে। বাকী ৩০.০০ লক্ষ টাকার অবকাঠামো উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য বিভিন্ন কমিটির সুপারিশ শেষে যাচাই বাছাই কমিটি হতে অগ্রাধিকার ভিত্তিতে নিম্নবর্নিত অবকাঠামো উপ-প্রকল্প অনুমোদনের জন্য সুপারিশ পাওয়া গেছে।

| ক্রঃ নং | উপ-প্রকল্প নাম | পরিমান | বাস্তবায়নকারী সংস্থা |
|---|---|---|---|
| ১. | করোনা মোকাবেলার শ্যামনগর হাসপাতালে ভ্যাক্সিনেশন সেন্টার কক্ষ নির্মান | ১০,০০,০০০/- | স্বাস্থ্য ও প.প. |
| ২. | সুপেয় পানি সংরক্ষনে বিভিন্ন প্রতিষ্ঠানে পানির ট্যাংকি বিতরণ (১০০০ লিটার) | ৩০,০০,০০০/- | জনস্বাস্থ্য ও স্যানিটেশন |
| সর্বমোট | | ৪০,০০,০০০/- টাকা | |

**সিদ্ধান্ত** : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পে (৩য় পর্যায়ে) অবকঠামো উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য উল্লেখিত প্রকল্পটির অনুমোদন সর্ব্বসম্মতিক্রমে গৃহিত হয় এবং প্রকল্প প্রস্তাবনা প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার এবং ইউডিএফকে অনুরোধ করা হয়।

৪. উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কাজের আলোচনা

১. **উপজেলা প্রকৌশলীর দপ্তর ঃ** উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০২০-২১ অর্থ বছরে উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচী এবং উন্নয়ন তহবিলের অর্থায়নের নিমোক্ত প্রকল্পসমূহ বাস্তবায়ন করা হয়েছে।

| ক্রঃ নং | উৎস্য | ধরন | পরিমান |
|---|---|---|---|
| ১. | বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) | টেন্ডার | ৮৮,৬০,০০০/- টাকা |
| | | পিআইসি | ৩১,৫০,০০০/- টাকা |
| ২. | উন্নয়ন তহবিল | টেন্ডার | ৩৪,০০,০০০/- টাকা |
| | | পিআইসি | ৬,০০,০০০/- টাকা |
| | | **মোট** | **১,৬০,১০,০০০/- টাকা** |
| ৩. | করেনার জন্য বিশেষ বরাদ্দ | পিআইসি | ৪,৬০,০০০/- টাকা |

দায়িত্ব: সংশ্লিষ্ট কর্মকর্তা

**উপজেলা কৃষি অফিস ঃ** উপজেলা কৃষি অফিসার সভায় বলেন তার দপ্তরে সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলছে।

সিদ্ধান্ত: দাপ্তরিক কার্যক্রম আরও বেগবান করতে হবে।

দায়িত্ব: সংশ্লিষ্ট কর্মকর্তা

**উপজেলা মৎস্য অফিস ঃ**

১. চেয়ারম্যান, ঈশ্বরীপুর ইউপি বলেন যে, করোনাকালীন সময়ে যে সকল ব্যক্তি মৎস্য প্রণোদনা পেয়েছে তাদের তালিকা মৎস্য দপ্তরে চেয়েও অদ্যবধি পাওয়া যায়নি।
২. চেয়ারম্যান, মুন্সীগঞ্জ ইউপি এবং শ্যামনগর সদর ইউপির প্রতিনিধি বলেন যে, মৎস্য প্রণোদনা তালিকা তৈরীতে মৎস্য দপ্তর সীমাহীন দূর্নিতি করেছে। প্রকৃত মৎস্যজীবিদের বাদ রেখে স্বচ্চল ব্যক্তিদের তালিকায় অর্ন্তভূক্ত করা হয়েছে। এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষন করেন।

সিদ্ধান্ত: করোনাকালীন সময়ে প্রণোদনা প্রাপ্তি মৎস্যজীবিদের তালিকা সরবরারেহ জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

দায়িত্ব: সংশ্লিষ্ট কর্মকর্তা

**উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর ঃ**

ভাইস চেয়ারম্যান (পুরুষ), সভায় বলেন যে, “মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার, বিনামূল্যে কোভিড-১৯ টিকা প্রদান” ২য় পর্যায়ের টিকাদান কেন্দ্র শ্যামনগর মডার্ণ স্কুলে করা হয়েছে। শ্যামনগরের ব্যস্ততম সড়কগুলোর মধ্যে অন্যতম হলো গোপালপুর অভিমুখে শহীদ মক্তিযোদ্ধা সড়ক। মডার্ণ স্কুলে টিকাদান কেন্দ্র হওয়ায় বর্নিত রাস্তায় তীব্র যানজট সৃষ্টি হয়েছে। একই সড়কে হাসপাতাল হওয়ায় অসুস্থ ব্যক্তিদের হাসপাতালে যাতায়াতের সমস্যা সৃষ্টি হচ্ছে। সাধারণ জনগন মডার্ণ স্কুল হতে টিকাদান কেন্দ্র স্থানান্তরের জন্য বারবার অনুরোধ করেছেন মর্মে তিনি সভাকে অবহিত করেন।

এবিষয়ে উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তার মতামত প্রদানের জন্য অনুরোধ করা হয়। কিন্তু উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা সভায় অনপুস্থিত থাকায় তার বক্তব্য গ্রহন করা সম্ভব হয়নি। উপজেলা পরিষদের মাসিক সভায় জনগুরুত্বপূর্ন একটি বিষয়ে আলোচনা এবং সভায় উপস্থিত থাকার জন্য নোটিশ প্রদান করা সত্ত্বেও উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তার সভায় অনপুস্থিতি নিয়ে অনেক সদস্য ক্ষোভ প্রকাশ করেন। সভায় আলোচনান্তে সকলে একমত পোষন করেন যে, উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা শ্যামনগর উপজেলায় যোগদানের পর থেকে হাসপাতালের স্বাস্থ্যসেবার মান চরম অবনতি হয়েছে। হাসপাতালের সর্বত্র নোংরা পরিবেশ বিদ্যমান। উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা প্রায়শঃ মাসিক সভায় অনপুস্থিত থাকেন এবং তার দপ্তরের কোন প্রতিনিধিকেও সভায় পাওয়া যায়না। এছাড়া মডার্ণ স্কুলে টিকাদান কেন্দ্র স্থাপন হওয়ার পর টিকাদান কেন্দ্র স্থানান্তরের জন্য মৌখিকভাবে অনুরোধ করা হলেও তিনি গ্রাহ্য করেননি। উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তার বিরুদ্ধে অসহযোগিতা, আন্তরিকতার ঘাটতিসহ বিভিন্ন অনিয়ম সম্পর্কে সভায় অনেক সদস্য মতামত প্রদান করেন।

**সিদ্ধান্ত :** সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে জনদূর্ভোগ কমাতে কোভিড-১৯ টিকাদান কেন্দ্র শ্যামনগর মডার্ণ স্কুল হতে শ্যামনগর সরকারি নকিপুর হরিচরন মাধ্যমিক বিদ্যালয়ে স্থানান্তরের জন্য সর্ব্বসম্মতিক্রমে একমত পোষন করেন এবং উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তাকে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয় এবং মাসিক সভায় অনপুস্থিতির কারন জানতে চেয়ে উপজেলা নির্বাহী অফিসারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়।

দায়িত্ব: সংশ্লিষ্ট কর্মকর্তা

| | | | | |
|---|---|---|---|---|
| | | **উপজেলা পরিবার পরিকল্পনা অফিস :** উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা প্রাণীসম্পদ অফিস ঃ** উপজেলা প্রাণীসম্পদ অফিসার বলেন যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় বলেন যে, বিভিন্ন প্রকল্পের কাজ চলমান আছে। নিয়মিত কাজ তদারকি করা হচ্ছে। কাজের গুনগম মান সঠিক রাখার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ** মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় বলেন যে, করোনার প্রকোপ বেড়ে যাওয়ার কারনে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ আছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান আছে। | সরকারী সিদ্ধান্ত মেনে চলার জন্য বলা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস ঃ** উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় বলেন যে, করোনার প্রকোপ বেড়ে যাওয়ার কারনে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ আছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান আছে। | সরকারী সিদ্ধান্ত মেনে চলার জন্য বলা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা সমাজসেবা অফিস ঃ** উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, ব্যাংক এশিয়ার মাধ্যমে সকল ভাতাভোগীর টাকা প্রদান করা হচ্ছে। সার্ভার জনিত কারনে মাঝে মধ্যে একটু সমস্যা হয়। | কার্যক্রম আরও গতিশীল করার জন্য বলা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন যে, বিভিন্ন প্রশিক্ষন কার্যক্রম চলমান আছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয় | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিস ঃ** দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | |
| | | **উপজেলা মহিলা বিষয়ক অফিস ঃ** নতুন মাতৃত্বভাতা তালিকা প্রদানের জন্য ইউনিয়ন পরিষদ হতে রেজুলেশনের মাধ্যমে উপকারভোগীর নাম প্রেরনের জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন যে কোন ভাতার তালিকা প্রস্তুতের ক্ষেত্রে যথাযথ নিয়মনীতি মেনে তালিকা করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। | ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষন করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা সামাজিক বনবিভাগ অফিস ঃ** দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | গতিশীল কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | বন বিভাগ |
| | | **পানি উন্নয়ন বোর্ড :** সভায় পানি উন্নয়ন বোর্ডের উপস্থিত কর্মকর্তা বলেন উপজেলার বিভিন্ন স্থানে বাঁধ মেরামতের কার্যক্রম চলমান আছে। কাজ নিয়মিত তদারকি করা হচ্ছে। ঝুকিপূর্ন্ন এলাকা চিহ্নিত করা হয়েছে। উপজেলা পরিষদ মাসিক সভায় নিয়মিত উপস্থিত হওয়ার জন্য পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তাকে অনুরোধ করা হয় এবং মাসিক সভায় | | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা পরিসংখ্যান অফিস ঃ** উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় অবহিত করেন গত ২৭ ফেব্রুয়ারী ২০২১ খ্রিঃ তারিখ দেশে প্রথমবারের মতো জাতীয় পরিসংখ্যান দিবস পালন করা হয়েছে। | | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা পল্লী উন্নয়ন অফিস ঃ** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার বলেন যে, তার দপ্তরের সকল কাজ সুষ্ঠভাবে চলছে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন উপজেলা পরিষদের অভ্যন্তরে দলিল লেখকদের কাছ থেকে উপজেলা পল্লী উন্নয়ন অফিস কোন বিধি মোতাবেক ভাড়া নেয়, এবিষয়ে উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে আগামী সভায় বিস্তারিত জানাতে অনুরোধ করেন। | আগামী সভায় বিস্তারিত তথ্য জানাতে উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের দৃষ্টি আকর্ষন করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা আনসার ভিডিপি অফিস ঃ** উপস্থিত কর্মকর্তা বলেন যে, সরকারী বিভিন্ন অনুষ্ঠানসহ জাতীয় প্রোগ্রামে আনসারা নিয়মিত সেবা প্রদান করে থাকেন। উপজেলা আনসার ভিডিপি কোন স্থায়ী অফিস কক্ষ নেই। দাপ্তরিক কার্যক্রম পরিচালনায় সমস্যা সৃষ্টি হচ্ছে। অফিস বরাদ্দের জন্য অনুরোধ করেন। | উপজেলা প্রকৌশলীকে অফিস বরাদ্দের বিষয়ে প্রয়েজনীয় ব্যবস্থা গ্রহন করতে অনুরোধ করা হয়। | |

## বিবিধ আলোচনা

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্যামনগর সভায় বলেন যে, বর্তমান সরকার জনগনের দোড় গোড়ায় সেবা প্রদানের জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে। কোন দপ্তরে সাধারন জনগন সেবা নিতে এসে যেন হয়রানির শিকার না হয়, সেদিকে খেয়াল রাখতে হবে। একটি আধুনিক উপজেলা পরিষদ গঠনের জন্য তিনি উপজেলা পরিষদের সকল সদস্যের আন্তরিকতা ও সহযোগিতা কামনা করেন। উপজেলা পরিষদের বিদ্যমান আইন, পরিপত্র অনুসরন পূর্বক সকল কাজ সম্পাদন করার জন্য সকল সদস্যদের অনুরোধ করেন।

০২। উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা প্রশাসন ও উপজেলা ভূমি অফিসের উদ্যেগে ১২টি ইউনিয়ন ব্যাপি গৃহহীন ও ভূমিহীন বাছাই কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। এই ভূমিহীন বাছাই কার্যক্রমে আর্থিক সহযোগিতাসহ সার্বিক সহযোগিতা করবেন বেসরকারী উন্নয়ন সংস্থা উত্তরণ। এই ব্যাপারে গৃহহীন ও ভূমিহীন বাছাই কাজে বেসরকারী উন্নয়ন সংস্থা উত্তরণকে সকল ইউনিয়ন পরিষদ ও ইউনিয়ন ভূমি অফিসের সাথে সমন্বয়পূর্বক সহযোগিতা করার জন্য সিদ্ধান্ত গৃহিত হলো।

০৩। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সরকারী উন্নয়নমূলক কাজ পরিদর্শন, সরকারী বেসরকারী বিভিন্ন সভা সমাবেশে অংশগ্রহন এবং মতবিনিময় সভায় অংশগ্রহন করে থাকেন এবং এজন্য সরকারী নিয়ম মোতাবেক দৈনিকভাতা প্রাপ্ত হয়ে থাকেন। উপজেলা চেয়ারম্যান ২০২১খ্রিঃ'র জুন মাস ১৪ দিন, ভাইস চেয়ারম্যানদ্বয় (১০ দিন+১০দিন) ২০ দিনের ভ্রমন বৃত্তান্ত এবং ২০২১খ্রিঃ'র জুলাই মাসের সম্ভাব্য ভ্রমনসূচী দাখিল করেছেন যা উপজেলা পরিষদ মাসিক সভায় অনুমোদন প্রয়োজন। তিনি এ বিষয়ে উপস্থিত সবার মতামত আহবান করেন।

**সিদ্ধান্ত** ঃ এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ২০২১খ্রিঃ'র জুন মাসের উপজেলা পরিষদের চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যানদ্বয়ের ভ্রমন বৃত্তান্ত অনুমোদন গৃহিত হলো। উপজেলা চেয়ারম্যান ১৪ দিনের ৬২৫/- টাকা হারে ৮৭৫০/- টাকা এবং ভাইস চেয়ারম্যানদ্বয়ের ২০ দিনের ৫০০ টাকা হারে ১০,০০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে মিটানোর জন্য সর্ব্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়।

অতঃপর সভাপতি উপস্থিত সকল সদস্যকে **শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে** সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(এস.এম.আতাউল হক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শ্যামনগর, সাতক্ষীরা
upazilaporishad.shyam@gmail.com

স্মারক নং- ০৫.১৫.৮৭৮৬.০০৬.০২.০০৯.১৬- **৪৫** (৫০) তারিখ ঃ ১৮.০৭.২০২১ খ্রিঃ।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ**

০১। জনাব এস.এম জগলুল হায়দার, মাননীয় সংসদ সদস্য, সাতক্ষীরা-০৪।

০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, খুলনা।

০৪। জেলা প্রশাসক, সাতক্ষীরা।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ**

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্যামনগর, সাতক্ষীরা।

০৬। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, শ্যামনগর, সাতক্ষীরা।

০৭। উপজেলা .....................................................অফিসার,শ্যামনগর।

০৮। চেয়ারম্যান,............................................ইউ,পি(সকল),শ্যামনগর।

০৯। জনাব ..............................................................................

১০। অফিস কপি।

(আ. ন. ম. আবুজর গিফারী)
উপজেলা নির্বাহী অফিসার
শ্যামনগর, সাতক্ষীরা
ফোন -০৪৭২৬-৪৪০০৪
unoshyamnagar14@gmail.com